

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১৫-০৭-২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, চেয়ারম্যান।
তারিখ	: ১৫-০৭-২০১৯ খ্রিঃ।
সময়	: ১১.০০ ঘটিকা।
স্থান	: মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৭-০৫-১৯ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী স্মৃতিভাবে উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি।	১। মার্চ, ২০২০ নৌপরিবহন মন্ত্রণালয় ও অধীনস্থ বিভিন্ন সংস্থাসমূহ নিয়ে বঙ্গবন্ধুর বক্তৃতার সংকলন প্রকাশ। ও নদী ও নৌপথ এবং এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কিত বঙ্গবন্ধুর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সংকলন প্রকাশ। ২। মার্চ, ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত ছবি নিয়ে এ্যালবাম তৈরি ও তা বিভিন্ন দূতাবাসসহ অন্যান্য স্থানে বিতরণ। ৩। মার্চ, ২০২০ নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত ৫-১০ মিনিটের ডকুমেন্টারি তৈরি (মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যসহ)। ৪। আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। ৫। ১০ জানুয়ারি, ২০২১ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস অনুষ্ঠানের আয়োজন।	আগামি বছর (১৭ মার্চ ২০২০) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নৌপথ এর অন্যান্য সংস্থার গৃহীত কর্মসূচীর আলোকে মবক-এ সারা বছর ধরে বিভিন্ন কর্মসূচী পালন করা হবে। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আলাদা বাজেট রাখতে হবে।	অর্থ ও হিসাব বিভাগ, প্রশাসন বিভাগ (ই, আর শাখা)
২.	১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” পালনের উদ্দেশ্যে বিভিন্ন কর্মসূচীর আয়োজন।	১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচীর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সময়ে অফিসের সামনের দেয়ালের পার্শ্বের বন জঙ্গল পরিষ্কার করে জেটির ওয়াল ও বাউন্ডারীসমূহে বঙ্গবন্ধুর বিভিন্ন উক্তি/নীতিবাক্য লিখতে হবে এবং ছবি দিয়ে সাজাতে হবে।	ই, আর শাখা, সম্পত্তি শাখা ও সিঃ হাঃ বিভাগ
৩.	০৬ অক্টোবর ২০১৯ বিশ্ব নৌ দিবস উদযাপন সংক্রান্ত	১। ০৭ অক্টোবর ২০১৯ চট্টগ্রাম, মোংলা এবং পায়রা বন্দর ও সকল নদী বন্দর:- সেমিনারঃ বিষয়- সমুদ্র নিরাপত্তা ক) র্যালি (৭/৮ অক্টোবর ২০১৯) খ) বিচ/নদী ক্লিনিং (সুবিধামত সময়/তারিখে) গ) পোর্ট ক্লিনিং (সুবিধামত সময়/তারিখে) ঘ) পথ নাটক/সাংস্কৃতিক অনুষ্ঠান (সুবিধামত সময়ে) ২। বিশ্ব নৌ দিবসে বন্দর এলাকা আলোকসজ্জিতকরণ / শহরের উল্লেখযোগ্য স্থানে নৌ নিরাপত্তা, সমুদ্র নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক ডকুমেন্টারি প্রদর্শন/উল্লেখযোগ্য স্থানে ডিসপ্লে বোর্ড প্রদর্শন/ব্যানার, ফেস্টুন দ্বারা বন্দর এলাকা সজ্জিতকরণ।	পরিচালক (ট্রাফিক) মহোদয়কে স্টক হোল্ডারদের নাম মনোনয়ন পূর্বক পত্র প্রেরণ করা হয়েছে। স্টক হোল্ডারদের নাম পাওয়া গেলে মন্ত্রণালয়কে জানিয়ে দেয়া হবে। তাছাড়া সমুদ্র নিরাপত্তার বিষয়ক সচেতনতামূলক ডকুমেন্টারি প্রদর্শন/উল্লেখযোগ্য স্থানে ডিসপ্লে বোর্ড প্রদর্শন/ব্যানার, ফেস্টুন দ্বারা বন্দর এলাকা সজ্জিতকরণ বিষয়ে হারবার বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে বাজেট রাখতে হবে। উল্লেখ্য যে, উক্ত সময়ে বন্দর ভবনের চারিপার্শ্বসহ জেটির ভিতর ও অন্যান্য বিভাগের সামনে বন জঙ্গল পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।	হারবার মাস্টার, পরিচালক (ট্রাফিক) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)
৪.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর প্রণয়ন সংক্রান্ত	মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর প্রণয়ন সংক্রান্ত সিদ্ধান্ত যথাযথভাবে পালন করতে হবে।	জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর প্রণয়ন সম্পর্কিত নির্দেশনাসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে।	সকল বিভাগ/ কোষ প্রধান

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
৫.	সচিব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত	গত ১২ মে ২০১৯ তারিখের সচিব সভার ১৫টি সিদ্ধান্ত সভায় আলোচনা করা হয় এবং সে মোতাবেক নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা-কে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হলো।	সচিব সভার গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে।	সকল বিভাগ/ কোষ প্রধান
৬.	অনিষ্পন্ন বিষয়াদিঃ (ক) মবক'র শূন্য পদের জনবল নিয়োগ। খ) মোংলা বন্দর কর্তৃপক্ষের সেট-আপ (সাংগঠনিক কাঠামো) যুগোপযোগীকরণ।	ক) মবক'র শূন্য পদের জনবল দ্রুত নিষ্পত্তি করতে হবে।	ক) ৩য় ও ৪র্থ শ্রেণির ৩১৪টি পদে যাতে নিয়োগ সংক্রান্ত কোনরূপ কার্যক্রম গ্রহণ করতে না পারে, তৎমর্মে অস্থায়ী এবং অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা প্রার্থনা করে জনৈক জুয়েল মহলদার, সাং-বুড়িরডাঙ্গা, মোংলা, বাগেরহাট, বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ২য় আদালত, বাগেরহাটে দেওয়ানী-৩১/১৯ মামলা দায়ের করে। মামলাটি আগামি ২৯-০৭-১৯ তারিখ শুনানীর জন্য দিন ধার্য আছে। ইতোমধ্যে বিষয়টির উপর মবক'র আইন উপদেষ্টা জনাব মাসুদ রেজা সোবহান, ব্যারিস্টার-এট-ল এর মতামত গ্রহণ করা হয়। তিনি বিষয়টির উপর নিম্নরূপ মতামত প্রদান করেনঃ- "It is also opined that authority can proceed with the appointment of all employees as per appointment advertisement dated 05.08.2018 keeping one post of serial no-46 i.e. LDA Cum Computer Typist vacant." খ) মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য গত ০৯/০৫/২০১৯ তারিখে নৌপমে প্রেরণ করা হয়। কিন্তু ইত্যবহরে মবক'র আইসিটি শাখার ০৭(সাত) জন জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামোর অনুমোদন পাওয়া গিয়েছে। যার জিও নং-১৮. ০১৭. ০১১. ১৪. ০০. ০০১.২০১৩ (অংশ-২).০২, তারিখঃ ০২/০১/২০১৯। আইসিটি সেলে কার্যক্রম পরিচালনার জন্য আরো ৩৬জন জনবল প্রয়োজন। উক্ত ৩৬জন জনবলের সেট-আপ বোর্ড সভায় অনুমোদন স্বাপেক্ষে নৌপমে প্রেরণ করতে হবে। আইসিটি শাখাটি মবক'র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত না থাকায় আইসিটি শাখাটি প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করে পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য গত ১৬/০৫/২০১৯ তারিখে নৌপম হতে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে আগামি ২৫/০৭/২০১৯ তারিখের মধ্যে সকল সদস্যের নিকট হতে প্রস্তাব সংগ্রহ করে নৌপমে প্রেরণ করতে হবে।	কর্ম শাখা, ই আর শাখা এবং ও এন্ড এম শাখা। প্রশাসন বিভাগ (ওএন্ডএম শাখা)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
৭.	শূন্যপদে জনবল নিয়োগ প্রসঙ্গে	<p>১। মন্ত্রণালয়সহ এর অধীন সকল দপ্তর/ সংস্থার বিদ্যমান শূন্য পদের সঠিক পরিসংখ্যান নির্ণয় এবং নিয়োগ প্রক্রিয়ার জন্য গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করতে হবে। সকল ধরনের নিয়োগে কোটা বিভাজন অনুযায়ী নিয়োগ নিশ্চিত করতে হবে।</p> <p>২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের ০৪-০৩-১৯ তারিখের পত্রের নির্দেশনার আলোকে শূন্য পদের বিপরীতে সুস্পষ্ট নিয়োগ পরিকল্পনা গ্রহণ ও তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। বাস্তবায়নের বিশেষ উদ্যোগ নিতে হবে।</p> <p>৩। নিয়োগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ সংক্রান্ত বিধি বিধান ও সংশ্লিষ্ট সংস্থার আইন-কানুন, বিধি বিধান অনুসরণ করে নিয়োগ দেয়ার জন্য সংস্থা প্রধান, নিয়োগ বোর্ড ও মন্ত্রণালয়ের মনোনিত প্রতিনিধিকে প্রতিপালন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।</p> <p>৪। নিয়োগ পরীক্ষায় প্রতিটি পদের বিপরীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে থেকে ক্ষেত্র বিশেষে ৩/৪ জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করতে হবে।</p> <p>৫। মৌখিক পরীক্ষার সময় আবেদিত প্রার্থীর বিপরীতে বোর্ডের সকল সদস্য আলোচনার ভিত্তিতে নম্বর প্রদান করবেন।</p> <p>৬। বিধিবিধান প্রতিপালন করে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</p> <p>৭। শূন্য পদের নিয়োগ ৬ মাসের মধ্যে, সম্ভব হলে ৩ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।</p> <p>৮। লিখিত পরীক্ষার জন্য BUET অথবা IBA এর সহযোগিতা নেয়া যেতে পারে।</p> <p>৯। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে</p> <p>১০। নিয়োগ প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ সভা থেকে শুরু করে আবেদন যাচাই-বাছাই, প্রশ্নপত্র প্রণয়ন, ফলাফল চূড়ান্তকরণ পর্যন্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি অর্ন্তভুক্ত নিশ্চিত করতে হবে।</p> <p>১১। টেকনিক্যাল প্রশিক্ষণ প্রাপ্ত জনবল নিয়োগ করতে হবে।</p> <p>১২। নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।</p> <p>১৩। সকল দপ্তর/সংস্থাকে প্রতি মাসে তাদের নিয়োগের রিপোর্ট মন্ত্রণালয়ের সভায় উপস্থাপন করতে হবে।</p>	<p>শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট শাখা কর্তৃক নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হয়ঃ-</p> <p>১। ছাড়পত্র প্রাপ্ত পদ- ৯২০টি। বিজ্ঞপ্তি জারীকৃত পদ- ৪১৭টি। লিখিত/মৌখিত পরীক্ষায় উত্তীর্ণ পদ- ১০৯টি। পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে- ৩৪টি। পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রেরিত ১ম ও ২য় শ্রেণি- ২২টি। পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রেরিত ৩য় ও ৪র্থ শ্রেণি- ১৯টি। চূড়ান্ত নিয়োগ/যোগদান- ১৭টি। ছাড়পত্রের জন্য প্রেরণ ২৪ ক্যাটাগরির ৩২১টি পদ (৪র্থ শ্রেণি), তারিখঃ ১৬-০৬-২০১৯। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর অপেক্ষায় ৭ ক্যাটাগরির ১৮২টি পদ (৪র্থ শ্রেণি)। গত ১২/৭/১৯ এবং ১৪/৭/১৯ তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য যে, মোংলা বন্দরে নিয়োগ কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে নির্ধারিত দিনে সকালে প্রশ্নপত্র প্রণয়ন করে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয় এবং একই দিনে মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে চূড়ান্ত প্রার্থীদের সাময়িক নিয়োগপত্র ও ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।</p> <p>২। নিয়োগ কর্মপরিকল্পনা গত ০৯-০৪-১৯ এবং ০৯-০৫-১৯ তারিখে নৌপম-এ প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৪-০৭-১৯ তারিখে পুনরায় নিয়োগ পরিকল্পনা প্রেরণ করা হয়েছে।</p> <p>৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ সংক্রান্ত বিধি বিধান ও সংশ্লিষ্ট সংস্থার আইন-কানুন, বিধি বিধান অনুসরণ করে মবক'র নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়।</p> <p>৪। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়।</p> <p>৫। মৌখিক পরীক্ষার সময় বোর্ডের সকল সদস্যের সাথে আলোচনার ভিত্তিতে সমন্বিত নম্বর প্রদান করা হয়।</p> <p>৬। বিধিবিধান প্রতিপালন করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়।</p> <p>৭। নির্দেশনা অনুযায়ী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।</p> <p>৮। আউট সোর্সিং এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত IBA/ITT, KUET সহ আরও কয়েকটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত আছে।</p> <p>৯। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়।</p> <p>১০। নির্দেশনা অনুযায়ী পরিকল্পনা গ্রহণ করা হয়।</p> <p>১১। নির্দেশনা অনুযায়ী জনবল নিয়োগ করা হয়।</p> <p>১২। নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।</p> <p>১৩। প্রতি মাসে নিয়োগের রিপোর্ট মন্ত্রণালয়ের সভায় উপস্থাপন করা হয়।</p>	কর্ম শাখা

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
৮.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে	<p>১। দপ্তর/ সংস্থার মাসিক ভিত্তিক বিভিন্ন শ্রেণির অডিট আপত্তির বিস্তারিত তালিকা এবং নিষ্পত্তিকৃত তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করবে। যত দূর সম্ভব অডিট আপত্তিগুলো নিষ্পত্তি করার সিদ্ধান্ত হয়। যুগ্মসচিব (অডিট) বিষয়গুলো তদারকি ও যোগাযোগ করে নিষ্পত্তি করবে।</p> <p>২। মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর / সংস্থার সমন্বয়ে প্রতিমাসে দ্বিপাক্ষিক / ত্রিপাক্ষিক সভা করবে এবং এ ধারা অব্যাহত রেখে আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>৩। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২) সভাপতিত্বে বিআইডব্লিউটিসিতে ত্রিপাক্ষিক সভা করতে হবে। তাদের অডিট আপত্তির সংখ্যা জরুরী ভিত্তিক উদ্যোগ গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করে কমিয়ে আনতে হবে।</p>	<p>১। অডিট আপত্তি নিষ্পত্তিকরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হয়ঃ-</p> <p>১। (ক) ০৩টি অগ্রিম অনুচ্ছেদ বিভাজন করে অতিরিক্ত ০৫টি আপত্তি পাওয়া গিয়েছে।</p> <p>(খ) জুন-১৯ মাসে কোন ০১ টি আপত্তির মিমাংসাপত্র পাওয়া গিয়েছে।</p> <p>(গ) ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত অমীমাংসিত আপত্তির সংখ্যা ২২৫টি।</p> <p>অমীমাংসিত আপত্তির সংখ্যা ২২৫ টি ; যার বিভাজন নিম্নরূপঃ</p> <p>i) সাধারণ আপত্তি ১১৮ টি।</p> <p>ii) অগ্রিম আপত্তি ৯১ টি।</p> <p>iii) সিএজি রিপোর্টভুক্ত ১৬ টি।</p> <p>২। গত ১১-০৪-২০১৯ খ্রিঃ একটি ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শর্ত স্বাপেক্ষে ১০ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী গত ২৫-০৪-১৯ তারিখে নৌপম প্রেরণ করা হয়েছে।</p> <p>৩। বিষয়টি মবক সংশ্লিষ্ট নয়।</p>	নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
৯.	মামলা সংক্রান্ত	সংস্থা ভিত্তিক মামলার অগ্রগতি নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।	<p>বিভিন্ন আদালতে মবক সংশ্লিষ্ট ১৭৫ টি মামলা চলমান আছে। (তন্মধ্যে সচিব মহোদয় বিবাদী হিসেবে আছেন ৩৬ টি মামলায়)।</p> <p>মবক বাদী হিসেবে আছে ৭২ টি মামলায়।</p> <p>মবক বিবাদী হিসেবে আছে ১০৩ টি মামলায়।</p> <p>মে ২০১৯ মাসে ০২টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং নতুন ০২টি মামলা দায়ের হয়েছে।</p>	ই আর শাখা

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১০.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সংক্রান্ত	<p>১। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রদত্ত নির্দেশনার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে যথাযথভাবে প্রেরণ করতে হবে। এ বিষয়ে আরো সতর্ক হতে হবে।</p> <p>২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি কোন অবস্থায় পেঙ্গিং রাখা যাবে না।</p> <p>৩। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করবেন। এ বিষয়ে অত্র মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>৪। সংশ্লিষ্ট দপ্তর / সংস্থা প্রতিশ্রুতির অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করবে। প্রাপ্ত তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিতে হবে।</p> <p>৫। বিভিন্ন প্রকল্প এর সাথে সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তাকে সার্বক্ষণিক প্রকল্প কাজের অগ্রগতি মনিটরিং/পরিদর্শন করবেন।</p> <p>৬। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সমূহের মধ্যে কোন প্রতিশ্রুতি যদি বাস্তবায়নযোগ্য না হয় বা সে বিষয়ে কোন জটিলতা থাকলে তা জরুরী ভিত্তিতে মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।</p> <p>৭। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে পর্যালোচনা সভা করতে হবে।</p>	<p>১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে যথাযথভাবে নৌপম এ প্রেরণ করা হয়।</p> <p>২। সভার সিদ্ধান্ত অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ০৪টি প্রতিশ্রুতির নিম্নরূপভাবে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়।</p> <p>ক) যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখা- মোংলা বন্দর কার্যকরীভাবে সচল আছে এবং সরকারের সক্রিয় পদক্ষেপের ফলে ২০১৮-১৯ অর্থবছরে ২৫ জুন পর্যন্ত রেকর্ড সংখ্যক ৯০২ টি জাহাজ এবং ১১২.৩৬ লক্ষ মেট্রিকটন কার্গো, এবং ৫৫৩৫৬ টিইইজ কন্টেইনার হ্যান্ডেল করা হয় এবং ১৮ কোটি টাকার অধিক রাজস্ব অর্জন করা সম্ভব হয়েছে।</p> <p>খ) মোংলা বন্দরের কার্যকরী ব্যবহার ও সক্ষমতা বৃদ্ধি করা- মোংলা বন্দর কার্যকরীভাবে সচল আছে। গত ২০০৯ সাল হতে ক্রমাগত জাহাজের সংখ্যা, কার্গোর পরিমাণ ও রাজস্ব আয় প্রতি বছর প্রায় ২৫%-৩০% হারে বৃদ্ধি পেয়েছে। মোংলা বন্দরের সার্বিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯ সাল হতে জুন ২০১৮ সাল পর্যন্ত জিওবি অর্থায়নে ১৩টি এবং নিজস্ব অর্থায়নে ৩০টির অধিক উন্নয়ন প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ১১টি প্রকল্প বাস্তবায়নাধীন, ০৬টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন এবং ০৩টি প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হচ্ছে।</p> <p>গ) (১) মোংলা উপজেলার পশুর নদী ড্রেজিং করা- মোংলা বন্দরের পশুর চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য ড্রেজিং কার্যক্রম হাতে নেয়া হয়েছে। নভেম্বর-২০১৩ হতে জুন-২০১৮ পর্যন্ত মোংলা বন্দরের পশুর চ্যানেলের বিভিন্ন স্থানে মোট ৩৯.২৪ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। হিরণ পয়েন্টের নীলকমলখালে ১.৯০ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। জেটির সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার ড্রেজিং করা হয়েছে। ফলে স্বাভাবিক জোয়ারে ৭.৫ মিটার গভীরতার জাহাজ নির্বিঘ্নে বন্দরে আগমন-নির্গমন করতে পারছে। "মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ক্যাপিটাল ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি অধীনে প্রায় ১৩ কিঃ মিঃ নদী পথে ৩৮.৮১ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ চলছে। ইতোমধ্যে ১০০% ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। পশুর চ্যানেলের আউটার বারে ১০৪ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজের মাটি ফেলার জন্য ডাইক নির্মাণ ও সার্ভে কাজ চলমান। জয়মনিরগোল এলাকায় ১৩.৯৪ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজের মধ্যে ২.৫০ লক্ষ ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। মোংলা বন্দরের চ্যানেলের ৮.৫ মিটার সিডি গভীরতা অর্জনের লক্ষ্যে "পশুর চ্যানেলে ইনারবারে ড্রেজিং" শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পটির অধীনে প্রায় ২১৬.০৯ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হবে। ভবিষ্যতে পুরো চ্যানেলটিতে ১০মিটার পর্যন্ত নাব্যতা বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে। সংরক্ষণ ড্রেজিং এর জন্য ২টি কাটার সাকশন ডেজার সংগ্রহ করা হয়েছে।</p> <p>(২) প্রতিবছর পশুর চ্যানেলে সংরক্ষণ ড্রেজিং করা- মোংলা বন্দর চ্যানেলে ২০০৯ সাল হতে ৫০.০০ লক্ষ ঘনমিটার ড্রেজিং করা হয়েছে। আউটার বার ও জয়মনিরগোল এলাকায় এবং মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১৫৬.১২ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজের জন্য ০৩টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ইতোমধ্যে প্রায় ৪০.০০ লক্ষ ঘনমিটার ড্রেজিং করা হয়েছে। নিজ অর্থায়নে জেটি সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার এবং হিরনপয়েন্ট এর নীলকমল খালে ১.৯০ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ করা হয়েছে। এছাড়া " পশুর চ্যানেলে ইনারবারে ড্রেজিং" শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পটির অধীনে প্রায় ২১৬.০৯ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হবে।</p> <p>ঘ) দেশের দক্ষিণ পশ্চিমা অঞ্চলের জন্য একটি ধারণা পত্র তৈরী- মোংলা বন্দর হতে বাংলাদেশের দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য একটি ধারণাপত্রগত ০২-০৮-২০১৭ তারিখে সূত্র নং-১৮.১৪.০১৫৮.১২৪.২৭.০৪৩.২০১৭-১৭৩০ সংখ্যক পত্রের মাধ্যমে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া পরিবেশ অধিদপ্তর কর্তৃক সম্প্রতি দক্ষিণ-পশ্চিম অঞ্চলের ০৭টি জেলার উন্নয়নে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত ধারণাপত্রে মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধির পাশপাশি ফ্লাইওভার, টার্মিনাল, ইন্ডাস্ট্রি, ডাইভারশন রোড, ট্যুরিজমসিটি, ট্যুরিজম ইকোপার্ক, আধুনিক বিল্ডিং, টাওয়ার ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।</p> <p>৭। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে মবকতে সভা অনুষ্ঠিত হয়।</p>	প্রশাসন শাখা

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১১.	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত	<p>১। শাখাসমূহ মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত তারিখের কমপক্ষে ২ কার্যদিবসের পূর্বে দপ্তর/ সংস্থা হতে সংগ্রহ করে উক্ত প্রতিবেদন নিকস ফন্টে (হার্ডকপি ও সফটকপি) মন্ত্রণালয়ের প্রশাসন শাখায় প্রেরণ করবে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব সমন্বিত প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।</p> <p>২। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের ক্ষেত্রে সচিব মহোদয়কে অবহিত করতে হবে।</p> <p>৩। পেন্ডিং থাকা ০৭টি আইনের বিষয়ে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ে আইন শাখা পদক্ষেপ গ্রহণ করবে।</p>	<p>১। (ক) নৌপম হতে গত ১৪-০৩-১৯ তারিখের পত্রের মাধ্যমে মবক আইন-২০১৯ (প্রস্তাবিত) এর ৭৫ সেট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। তদানুযায়ী গত ১৫-০৪-১৯ তারিখে মবক আইন-২০১৯ (প্রস্তাবিত) এর ৭৫ সেট নৌপম এ প্রেরণ করা হয়।</p> <p>(খ) The Protection of Ports (Special Measures) Act. 1948 এর বিষয়ে নৌপম কর্তৃক ১৯-০৩-১৯ তারিখে তথ্যাদি চেয়ে পত্র প্রেরণ করেছেন। চাহিত তথ্যাদি গত ০১-০৪-১৯ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে। বর্তমান আইনটি বাংলা বানান কোষ (বাবাকো) তে আছে।</p> <p>২। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্তে নীতিগত অনুমোদনের জন্য নৌপম এ প্রক্রিয়াধীন রয়েছে।</p> <p>৩। বিষয়টি মন্ত্রণালয় সংশ্লিষ্ট।</p>	ও এন্ড এম শাখা
১২.	ব্লু-ইকোনমি কার্যক্রম সংক্রান্ত	<p>১। সংস্থা ভিত্তিক ব্লু-ইকোনমি সংক্রান্ত পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে।</p> <p>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে সভা করতে হবে।</p> <p>৩। ব্লু-ইকোনমি কার্যক্রম বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম দ্রুত চূড়ান্তকরণের ব্যবস্থা নিতে হবে।</p>	<p>১। মবক হতে ব্লু-ইকোনমি সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত নৌপম এ প্রেরণ করা হয়।</p> <p>২। বিষয়টি মন্ত্রণালয় সংশ্লিষ্ট।</p> <p>৩। ব্লু-ইকোনমি কার্যক্রম বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন পূর্বক গত ২৬-০৭-২০১৮ তারিখে নৌপম এর প্রেরণ করা হয়েছে। নৌপম সকল সংস্থার সমন্বয়ে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করেছে। নৌপম সংশ্লিষ্ট ব্লু-ইকোনমি কার্যক্রমের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কৌশলগত কর্মপরিকল্পনা অনুযায়ী মবক সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের কাজ অব্যাহত রয়েছে। ব্লু-ইকোনমি অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে মবক'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ মাসুদ উল্লাহ, সহকারী পরিকল্পনা প্রধান এর যোগাযোগ রয়েছে।</p>	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
১৩.	আইন বাংলায় অনুবাদ সংক্রান্ত:	<p>ক। যে আইনগুলো এখনও বাংলায় যুগোপযোগি করে অনুবাদ করার কাজ শেষ হয়নি, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/শাখা বিশেষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>খ। আইনগুলো অনুবাদের বিষয়ে সংস্থাগুলোকে প্রয়োজনে বিশেষজ্ঞ নিয়োগ করতে হবে। সে সাথে বিশেষজ্ঞ/পরামর্শক নিয়োগের খরচ স্ব-স্ব সংস্থাগুলো বহন করবে।</p> <p>গ। আইন ও বিধি প্রণয়ন দ্রুত শেষ করতে হবে। প্রয়োজনে বিশেষজ্ঞ এর মতামত নিতে হবে।</p> <p>ঘ। প্রয়োজনবোধে মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p>	<p>বিষয়টি ক্রমিক নং-১০ এ উল্লেখ করা হয়েছে।</p>	
১৪.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	<p>১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে BIWTA, BIWTC, CPA, MPA কে বিশেষ উদ্যোগ গ্রহণে বলা হয়।</p> <p>২। APA টিম নিয়মিত যোগাযোগ রাখবেন। উক্ত বিষয়ে সকলের তদারকি বাড়াতে হবে।</p> <p>৩। APA ১০০% বাস্তবায়ন করতে হবে।</p> <p>৪। BIWTA, BIWTC, CPA, MPA কে কাজের সার্বিক উন্নয়ন করতে হবে। APA বাস্তবায়নে সবাইকে সতর্ক হতে হবে। প্রতি মাসে এর অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।</p>	<p>মবক'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি প্রতিবেদন জুলাই-মার্চ ১৯ গত ১৫-০৪-১৯ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে বাস্তবায়ন, মনিটরিং ও আপডেটকরণের লক্ষ্যে গত ২১-০৪-১৯ তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষে ০৭ সদস্য বিশিষ্ট এপিএ টিম গঠন করা হয়। উক্ত এপিএ টিম নিয়মিত যোগাযোগ ও তদারকির মাধ্যমে এপিএ বাস্তবায়নে ভূমিকা রাখছে। গত ২৩-০৬-১৯ তারিখে মন্ত্রণালয়ের সাথে মবক'র এপিএ ২০১৯-২০ অর্থবছরের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২০১৮-১৯ এপিএ এর ৪র্থ কোয়ার্টার প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হচ্ছে।</p>	পরিকল্পনা কোষ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১৫.	জাতীয় শুদ্ধাচার কৌশল	<p>১। দপ্তর/ সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ই-টেন্ডারিং, অনলাইন সেবা প্রদান, ই-ফাইলিং, উদ্ভাবনী ধারণা বিষয়ে মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্থাসমূহ জরুরী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।</p> <p>২। কর্মদক্ষতার উপর ভিত্তি করে প্রতিমাসে মন্ত্রণালয়ের শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করে তাদের নাম, পদবী ও ছবিসহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করবে। স্কোরের ভিত্তিতে প্রতি বছর শুদ্ধাচার পুরস্কারের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থা গ্রহণ করবে।</p>	<p>১। <u>শুদ্ধাচারঃ</u> মবক তে প্রতিমাসে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং শুদ্ধাচার নীতিমালা-২০১৭ এর আলোকে স্কোরের ভিত্তিতে ২০১৮-১৯ অর্থ বছরে দুই গ্রেডের দুইজন কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়েছে। গত ২৭-০৬-১৯ তারিখে মবক'র ওয়েব সাইটে মনোনীত কর্মচারীদের নাম প্রকাশ করা হয়েছে।</p> <p><u>ই-টেন্ডারিং :</u> মবকতে ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন হয়েছে ৪৬টি, চলমান আছে ৩৪টি।</p> <p><u>অনলাইন সেবাঃ</u> মবকতে ই-ফাইলিং এর পাশাপাশি দুটি সার্ভিসকে ই-সার্ভিসে রূপান্তরের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যথাঃ ক। আমদানিকৃত মালামাল ট্রাক/ট্রেইলারে লোড করার পর নিরাপত্তা মেইন গেইট থেকে বের হবার জন্য e-cart ticket ব্যবস্থা। এবং খ। Import General Manifest (IGM) গ্রহণ, শিপিং এজেন্ট কর্তৃক C&F এজেন্ট এর অনুকূলে ডেলিভারী অর্ডার প্রদান কার্যক্রম Online এ সম্পন্ন করা হচ্ছে।</p> <p><u>ই-ফাইলিং :</u> জুন-১৯ মাসে স্ব উদ্যোগে সৃজিতনোট ৩১৩, নোট নিষ্পন্ন- ৩৫৮টি, ডাক নিষ্পন্ন-৬০৭টি, ডাক হতে নোট সৃজন-২৮টি ও পত্র জারী- ৯৯টি, ইমেইল ও অন্যান্য-৩টি।</p> <p><u>উদ্ভাবনী ধারণাঃ</u> মবকতে বর্তমানে ইনোভেশন টিম কর্তৃক ০৩ টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যথাঃ- (ক) পেনশন সহজীকরণ- i. পিআরএল এর মঞ্জুরের খসড়া অফিস আদেশ যাচাই ও জারীর ক্ষেত্রে প্রচলিত ধাপ ৪৮ টি। অনুমোদিত ধাপ ১১টি। ii. অবসর সংক্রান্ত অফিস আদেশ যাচাই, জারী ও তদসংক্রান্ত কার্যাদির প্রচলিত ধাপ ৪৮ টি। অনুমোদিত ধাপ ১১ টি। iii. অবসরভাতার ফরম পূরণের ক্ষেত্রে প্রচলিত ধাপ ৪৭ টি। অনুমোদিত ধাপ ১৯টি। iv. বিল, ভাউচার ও চেক প্রস্তুতের ক্ষেত্রে প্রচলিত ধাপ ৩১ টি। অনুমোদিত ধাপ ১২ টি। (খ) জেটির পাড় ধস রোধঃ- জেটির পাড় ভেঙ্গে নিয়মিত ভূমি ধসের ফলে নাব্যতা রক্ষা দুরূহ পর্যায়ে ছিল। সীট পাইলিং এর মাধ্যমে যা প্রতিরোধ করতে প্রাক্কলিত ব্যয় ছিল ৭০ কোটি টাকা। বর্তমানে বল্লি দিয়ে একটি উদ্ভাবনী পদ্ধতিতে মাত্র ৭০ লক্ষ টাকা দিয়ে উক্ত ভূমি ধস নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। এবং (গ) ই-স্টোর ম্যানেজমেন্ট, বিদ্যমান ওয়্যার হাউজকে দ্বিতল কার পার্কিং সুবিধায় রূপান্তর করা।</p> <p>২। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ এর আলোকে স্কোরের ভিত্তিতে ২০১৮-১৯ অর্থ বছরে দুই গ্রেডের দুইজন কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়েছে। গত ২৭-০৬-১৯ তারিখে মবক'র ওয়েব সাইটে মনোনীত কর্মচারীদের নাম প্রকাশ করা হয়েছে।</p>	সকল বিভাগ/কোষ প্রধান

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১৬.	তথ্য অধিকার আইন (আরটিআই)	তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মারফিক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ফি বাবদ প্রাপ্ত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান নিশ্চিত করতে হবে।	মোংলা বন্দর কর্তৃপক্ষে তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মারফিক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করা হয়ে থাকে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
১৭.	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত	প্রাপ্ত অভিযোগ দ্রুত গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। নিয়মিত সভা করা হয় মর্মে সভাকে অবহিত করা হয়।	প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) এর দপ্তরে প্রতি মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় শুনানীর মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
১৮.	এডিপি বাস্তবায়ন	৩০ মে এর মধ্যে এডিপির সকল অর্থ ব্যয় করতে হবে। চট্টগ্রাম ও মোংলা বন্দর এর প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ খরচের ব্যাপারে বিশেষ নজর দিতে হবে।	২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দকৃত টাকা ৯৮.৯৫% বাস্তবায়িত হচ্ছে।	পরিকল্পনা কোষ

বিবিধ :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
i.	মবক'র হাসপাতালে কর্মরত নার্সদের সিনিয়র স্টাফ নার্সের বেতন স্কেলে ও পদমর্যাদায় উন্নীতকরণ বিষয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে এবং গ্রাচুইটির পরিবর্তে ১৭ জন কর্মচারীকে পেনশন প্রদান বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মবক'র হাসপাতালে কর্মরত নার্সদের সিনিয়র স্টাফ নার্সের বেতন স্কেলে ও পদমর্যাদায় উন্নীতকরণ বিষয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে এবং গ্রাচুইটির পরিবর্তে ১৭ জন কর্মচারীকে পেনশন প্রদান বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এ বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পদ উন্নীতকরণ বিষয়ে স্পষ্টীকরণের জন্য পত্র পাওয়া গিয়েছে। তদনুযায়ী গত ০৯-০৬-১৯ তারিখ নৌপমে পত্র প্রেরণ করা হয়েছে এবং গ্রাচুইটির পরিবর্তে ১৭জন কর্মচারীকে পেনশন প্রদান বিষয়ে নৌপম এর মৌখিক নির্দেশে মবক'র পেনশন সংক্রান্ত গেজেট এর ৭ (খ) ধারা সংশোধনের প্রস্তাব মবক'র বোর্ড সভায় অনুমোদনের জন্য কার্যপত্র উপস্থাপিত হয়েছে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা
ii.	সিটিজেনস চার্টার হালনাগাদ	মবক'র সিটিজেনস চার্টার আপডেট করার জন্য চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সকল বিভাগীয়/কোষ প্রধানগণের সমন্বয়ে সভা করতে হবে।	এ বিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	সচিব (বোওজস)
iii.	ওয়েবসাইট আপডেটকরণ।	মবক'র ওয়েবসাইট আপডেটকরণের জন্য স্ব-স্ব দপ্তর/শাখা তাদের সংশ্লিষ্ট বিষয়গুলো ওয়েবসাইটে আপলোড করবে।	নিয়মিত ওয়েবসাইট আপডেট করা হচ্ছে।	সচিব (বোওজস)
iv.	প্রশিক্ষণ সংক্রান্ত	প্রত্যেক বিভাগ/কোষ প্রধানগণ স্ব-স্ব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।	প্রতি তিন মাসে মবক তে সকল বিভাগের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
v.	অফিস/জাহাজ পরিদর্শন	পরিদর্শন/দর্শন কাজ বাস্তবায়নের জন্য পরিদর্শন ফর্ম প্রস্তুতসহ কোন কর্মকর্তা কখন/কিভাবে পরিদর্শন করবেন সে বিষয়ে প্রতিবেদন দেয়ার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো; ১। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা। ২। সচিব (বোওজস), মবক, মোংলা। ৩। সিনিয়র হিসাব রক্ষণ কর্মকর্তা, মবক, মোংলা।	এ বিষয়ে গঠিত কমিটি পরিদর্শন ফরম প্রস্তুতসহ পরিদর্শনের সময়সূচী নির্ধারণ করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলাপের প্রেক্ষিতে পরিদর্শনের ব্যবস্থা করবেন।	গঠিত কমিটি
vi.	পবিত্র হজ্জের নীতিমালা প্রণয়ন	পবিত্র হজ্জের নীতিমালা গঠিত কমিটির আহবায়কের নিকট হতে পাওয়া যায়নি।	দ্রুত হজ্জ নীতিমালা প্রণয়নপূর্বক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।	গঠিত কমিটি
vii.	হেলমেট সংক্রান্ত	নিরাপত্তা বিভাগ কর্তৃক কমপক্ষে ১০০ টি হেলমেট ক্রয়ের বিষয়টি পরবর্তী সভায় অধিকতর আলোচনার জন্য পেশ করতে হবে।	বন্দর জেটির ভিতর দায়িত্ব পালন করার সময়ে নিরাপত্তা ও ট্রাফিক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের হেলমেট পরিধান করা আবশ্যিক। ১০০ টি হেলমেট ক্রয়ের জন্য নিরাপত্তা বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও পরিচালক (ট্রাফিক)
viii.	ডক শ্রমিক হাসপাতাল	এ বিষয়ে পরিচালক (প্রশাসন) ও পরিচালক (ট্রাফিক) মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন এর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবেন।	এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক (ট্রাফিক)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
ix.	ট্রাফিক ও নিরাপত্তা বিভাগের সামনের চত্বরটি উন্নয়ন ও বিবিধ আলোচনা প্রসঙ্গে।	ট্রাফিক ও নিরাপত্তা বিভাগের সামনের চত্বরটি পরিষ্কার পরিচ্ছন্ন করে পার্কিং টাইলস বসানো, বসার জায়গার ব্যবস্থা করা এবং বন্দর ভবনের গেইটের বাহিরে যাত্রী ছাউনি নির্মাণ করার বিষয়ে আলোচনা হয়। এ বছরের শেষে ইউনেস্কো থেকে একটি টিম মবকতে আসবে। সে কারণে গেইটের আশে পাশে ও অন্যান্য সুবিধাজনক স্থানে ইংরেজীতে পরিবেশ সংক্রান্ত উক্তি লিপিবদ্ধ করতে হবে। বিভিন্ন সিমেন্ট ফ্যাক্টরীর অনুকূলে বরাদ্দকৃত জায়গার মেয়াদ বৃদ্ধি করা যাবে না। মেয়াদ শেষ হওয়ার পূর্বে পরিবেশ দূষণমুক্ত ও মানব স্বাস্থ্যের ক্ষতি থেকে রক্ষার জন্য সিমেন্ট ফ্যাক্টরীর জায়গাসমূহ যে কোন সময় অপসারণ করা হবে মর্মে পত্রের মাধ্যমে জানিয়ে দিয়ে হবে।	এ বিষয়ে এন্টিমেট প্রস্তুত করে কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভিন্ন সিমেন্ট ফ্যাক্টরীর অনুকূলে বরাদ্দকৃত জায়গার মেয়াদ বৃদ্ধি না করে অপসারণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	সিঃ ও হাঃ বিভাগ ও সম্পত্তি শাখা
x.	বকেয়া বিদ্যুৎ বিল আদায় প্রসঙ্গে	বকেয়া বিদ্যুৎ বিল আদায় ও সঠিকভাবে লেজার সংরক্ষণে নগদে পরিশোধ প্রথা রহিত করে মাসিক বেতন হতে আদায় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মবক'র কর্মকর্তা-কর্মচারীদের মাসিক বেতন হতে বকেয়া বিদ্যুৎ বিল কর্তন করতে হবে এবং নগদে পরিশোধ প্রথা রহিত করতে হবে। প্রাইভেট গ্রাহকদের নিকট হতে বকেয়া বিদ্যুৎ বিল নগদে আদায়ের ব্যবস্থা করতে হবে।	প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা ও যাঃ ও তঃ বিভাগ।
xi.	ই-ফাইলিংয়ের মাধ্যমে সেন্ট্রাল ডেসপাসের ডাক গ্রহণ প্রসঙ্গে।	সেন্ট্রাল ডেসপাসে আগত চিঠিপত্রসমূহ ই-ফাইলিং এর মাধ্যমে ডাক আপলোড করে সংশ্লিষ্ট প্রাপকের আইডিতে প্রেরণ করার জন্য ০১জন কম্পিউটার অপারেটরসহ একটি লিগ্যাল সাইজের স্ক্যানার মেশিন ও একটি কম্পিউটার ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়।	দৈনিক মজুরী ভিত্তিক একজন ০১জন কম্পিউটার অপারেটর নিয়োগ সহ একটি লিগ্যাল সাইজের স্ক্যানার মেশিন ও একটি কম্পিউটার ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
xii.	গার্ড ফাইল সংরক্ষণ	বিভিন্ন আইন, সার্কুলার, বিজ্ঞপ্তি ও সরকার কর্তৃক জারীকৃত গুরুত্বপূর্ণ আদেশসমূহ গার্ড ফাইলে সংরক্ষণের জন্য আলোচনা হয়।	প্রত্যেক বিভাগ তার দপ্তর সংশ্লিষ্ট বিভিন্ন সার্কুলার বিজ্ঞপ্তি ও সরকার কর্তৃক জারীকৃত গুরুত্বপূর্ণ আদেশসমূহ যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে।	সকল বিভাগ/কোষ প্রধান

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২৮-৭-১৯

চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

জুলাই ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ২৮-৭-১৯

উর্দ্ধতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন)